

PRINT

সমবল

৩০৫ শিক্ষার্থীকে ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের মেধাবৃত্তি

১১ ঘন্টা আগে



ভালো ফল করায় ৩০৫ শিক্ষার্থীকে মেধাবৃত্তি দিয়েছে ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়। বৃত্তি প্রাপ্তদের বেশিরভাগই ছাত্রী। সম্প্রতি রাজধানীর আফতাব নগরের ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এ বৃত্তি প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের (এডিবি) আবাসিক প্রতিনিধি মনমোহন প্রকাশ। অনুষ্ঠানে বক্তৃত্ব দেন বিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন এবং উপাচার্য অধ্যাপক ড. এমএম শহিদুল হাসান। সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্য ড. রফিকুল হুদা চৌধুরী। পরে ২০১৭ সালের 'ফল' এবং ২০১৮ সালের 'স্প্রিং', 'সামার' ও 'ফল' সেমিস্টারে মেধাবৃত্তি পাওয়া ৩০৫ জন শিক্ষার্থীর হাতে সনদ তুলে দেন অতিথিরা।

বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য, কোষাধ্যক্ষ, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারপারসন, শিক্ষক, কর্মকর্তা, বৃন্তি পাওয়া শিক্ষার্থী ও তাদের অভিভাবকরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি।

© সমকাল 2005 - 2018

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি | প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ | ইমেইল: info@samakal.com